গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
www.tmed.gov.bd

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.১৪২.১৬.৬১.১৯-১২

তারিখঃ ০১ মাঘ ১৪২৭ ব.
১৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং- ১২০৩৬/২০১৪ মামলার Stay order এর প্রেক্ষিতে বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন নুন্দহ ফাজিল মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব মো: মোস্তাফিজুর রহমান এর বিষয়ে (মহামান্য আদালতের চুড়ান্ত রায়/নির্দেশনা না পাওয়া পর্যন্ত) কোন কার্যক্রম গ্রহণ না করে পূর্বের নির্দেশনা অব্যাহত রাখা সংক্রান্ত।

সূত্র:
(১) টিএমইডি'র (অডিট শাখার) স্মারক নং- ৫৭.০০.০০০০.১৪২.১৬.৬১.১৯-২০৯, তারিখ: ১২.১১.২০১৯ খ্রি.
(২) টিএমইডি'র (অডিট শাখার) স্মারক নং- ৫৭.০০.০০০০.১৪২.১৬.৬১.১৯-২৬, তারিখ: ৩০.০১.২০২০ খ্রি.
(৩) টিএমইডি'র (অডিট শাখার) স্মারক নং- ৫৭.০০.০০০০.১৪২.১৬.৬১.১৯-১০১, তারিখ: ১২.০১.২০২১ খ্রি.
(৪) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০.০০০০.০০১.১৫.০০৩.১৬-২৯২, তারিখ: ০৪/১২/২০১৯খ্রি.
(৫) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০.০০০০.০০৫.১২.০২০.২১-৩৫, তারিখ: ০১/০২/২০২১খ্রি.
(৬) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০.০০০০.০০৫.১২.০২০.২১-৪০, তারিখ: ০৭/০২/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন নুন্দহ ফাজিল মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব মো: মোস্তাফিজুর রহমান এর উপর আনীত অভিযোগসমূহ (তাঁর উপাধ্যক্ষ পদে নিয়োগ অবৈধ এবং তিনি ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে সীমাহীন দুর্নীতি, অনিয়ম, স্বেচ্ছাচারিতা ও আর্থিক জালিয়াতি সংক্রান্ত) প্রমাণিত হওয়ায় তাঁর (মো: মোস্তাফিজুর রহমান এর) বেতন-ভাতাদির সরকারি অংশ (এমপিও) বাতিলকরণের নির্দেশনা বাস্তবায়ন করার জন্য টিএমইডি হতে ৩০/০১/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (২) স্মারকমূলে মহোদয়-কে অনুরোধ করা হয়। উক্ত পত্রের উপর গৃহীত ব্যবস্থার তথ্য না পাওয়ায় পুনরায় ১২/০১/২০২১খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং পত্রমূলে অনুরোধ পত্র প্রেরণ করা হয়।

২। উক্ত পত্রের নির্দেশনা ছিল নিম্নরূপ-

(ক) বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন নুন্দহ ফাজিল মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব মো: মোস্তাফিজুর রহমান এর পক্ষে এ্যাডভোকেট মো: জাহেদুল বারী উকিল নোটিশ প্রেরণ করেছেন। উক্ত নোটিশে উল্লেখ আছে, রাজশাহী বিশ্ববিদ্যালয় এর সিন্ডিকেট জনাব মো: মোস্তাফিজুর রহমান এর বি.এস.এস (অনার্স) এর রেজাল্ট বাতিল করায় তিনি উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে রিট পিটিশন নং-১২০৩৬/২০১৪ দায়ের করে উক্ত আদেশের বিরুদ্ধে রুল এবং উক্ত আদেশের কার্যকারিতার বিষয়ে স্থগিতাদেশ লাভ করেন।

(খ) উক্ত রিট মামলায় মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত Stay order সরকার তথা TMED এর উপর বাধ্যকর (Bining upon) কিনা তা যাচাই করে ডিএমই হতে ০৪/১২/২০১৯খ্রি. তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকে প্রেরিত প্রস্তাবের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৩। টিএমইডি'র উক্ত পত্রের নির্দেশনার প্রেক্ষিতে রিট পিটিশন নং- ১২০৩৬/২০১৪ মামলার Stay order সরকার তথা TMED এর উপর বাধ্যকর (Bining upon) কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য ডিএমই হতে বিজ্ঞ প্যানেল আইনজীবী বরাবর ০১/২/২০২১খ্রি. তারিখে সূত্রোক্ত (৫) নং স্মারকমূলে পত্র প্রেরণপূর্বক অনুলিপি প্রেরণ করা হয়।

৪। ডিএমই'র উক্ত পত্রের প্রেক্ষিতে সূত্রোক্ত (৬) নং পত্রমূলে প্রাপ্ত বিজ্ঞ আইনজীবী কর্তৃক প্রদত্ত মতামতের শেষাংশ নিম্নরূপ-

**"In the fact and circumstance, we are of the opinion that the order of the High Court Division is not directly binding upon the TMED / Directorate of Madrasah Education. However, you should restrain from taking any step against Mr. Mustafizur Rahman basing the decision of the Academic Council of Rajshahi University, which cancelled the BSS (Honours) results of Mr. Mustafizur Rahman, during pendency of the Writ Petition No 12036 of 2014, to avoid any future legal complicacy. We hope htat our above opinion would assist you in taking any step with respect to Mr. Mostifizur Rahman regarding his BSS (Honours) result.**

৫। পর্যালোচনায় দেখা যায় যে, ডিএমই'র বিজ্ঞ প্যানেল আইনজীবী কর্তৃক প্রদত্ত মতামতে রিট পিটিশন নং- ১২০৩৬/২০১৪ মামলার Stay order সরকার তথা TMED এর উপর বাধ্যকর (Bining upon) নয় মর্মে উল্লেখ করা হয়েছে। একইসাথে ভবিষ্যতের কোনও আইনি জটিলতা এড়াতে রাজশাহী বিশ্ববিদ্যালয়-এর একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তের ভিত্তিতে জনাব মোস্তাফিজুর রহমানের বিরুদ্ধে যে কোনও পদক্ষেপ গ্রহণ করা থেকে বিরত থাকার জন্যও মতামত প্রদান করা হয়েছে।

৬। বর্ণিত প্রেক্ষাপটে রিট পিটিশন নং- ১২০৩৬/২০১৪ মামলার Stay order এবং উক্ত Stay order এর উপর ডিএমই'র বিজ্ঞ প্যানেল আইনজীবীর কর্তৃক প্রদত্ত মতামত সর্বপরি মহামান্য আদালতে উক্ত মামলা চলমান থাকা অবস্থায় টিএমইডি'র অডিট শাখা হতে ৩০/০১/২০২০ খ্রি. ২৬ নং স্মারকমূলে প্রেরিত পত্রের নির্দেশনা বাস্তবায়ন / অভিযুক্ত জনাব মোস্তাফিজুর রহমানের বিরুদ্ধে কোন চুড়ান্ত পদক্ষেপ গ্রহণ না করে বরং অডিট শাখা হতে প্রদত্ত ১২/১১/২০১৯খ্রি. তারিখের সূত্রোক্ত (১) নং স্মারকের নির্দেশনা (এমপিও বন্ধ রাখার আদেশ) অব্যাহত রাখাই আইনানুগ হবে মর্মে প্রতীয়মান হয়। অর্থাৎ মহামান্য আদালতের চুড়ান্ত আদেশ বা Stay order vacate সংক্রান্ত আদেশ না পাওয়া পর্যন্ত এমপিও স্থগিতের আদেশ অব্যাহত রাখা।

৩২। এমতাবস্থায়, উল্লিখিত মতে (রিট পিটিশন নং- ১২০৩৬/২০১৪ মামলার Stay order এবং উক্ত Stay order এর উপর ডিএমই'র বিজ্ঞ প্যানেল আইনজীবীর কর্তৃক প্রদত্ত মতামত সর্বপরি মহামান্য আদালতে উক্ত মামলা চলমান থাকা অবস্থায়) বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন নুন্দহ ফাজিল মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব মো: মোস্তাফিজুর রহমান এর বিষয়ে (মহামান্য আদালতের চুড়ান্ত নির্দেশনা না পাওয়া পর্যন্ত) কোন কার্যক্রম গ্রহণ না করে পূর্বের নির্দেশনা {সূত্রোক্ত (১) নং পত্রের} অব্যাহত রাখার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

১৪.০২.২১


(নুরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন নং-৯৫৭৫২৭২


মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।